গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
বাজেট-১ অধিশাখা
www.mocat.gov.bd

নং-৩০.০০.০০০০.০২৪.২০.০১১.২১-২০২

তারিখঃ ১৮ শ্রাবণ ১৪২৮ বঃ
০২ আগস্ট ২০২১ খ্রিঃ

# অফিস আদেশ

অর্থ মন্ত্রণালয়ের ২০ জুন, ২০২১ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০৩.২০২১-৫৮৯নং পত্রের পরিপ্রেক্ষিতে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে **"বাজেট ব্যবস্থাপনা কমিটি"** নির্দেশক্রমে পুনর্গঠন করা হলো:

| ক্র: | পদবি | পদ |
|---|---|---|
| ১. | সচিব/প্রধান হিসাবদানকারী অফিসার (Principal Accounting Officer) | সভাপতি |
| ২. | সকল অতিরিক্ত সচিব/যুগ্মসচিব | সদস্য |
| ৩. | অতিরিক্ত সচিব/প্রধান/যুগ্মসচিব/যুগ্মপ্রধান (পরিকল্পনা কোষ/উন্নয়ন অধিশাখা/অনুবিভাগ) | সদস্য |
| ৪. | সকল দপ্তর/সংস্থার প্রধান | সদস্য |
| ৫. | উপসচিব/সিনিয়র সহকারী সচিব (বাজেট অনুবিভাগ/অধিশাখা/শাখা) | সদস্য |
| ৬. | অর্থ বিভাগের সংশ্লিষ্ট অধিশাখার যুগ্মসচিব/উপসচিব | সদস্য |
| ৭. | পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনের সংশ্লিষ্ট উপসচিব/উপপ্রধান | সদস্য |
| ৮. | বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার নিচে নয়) | সদস্য |
| ৯. | অর্থনৈতিক সম্পর্ক বিভাগের একজন প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নিচে নয়) | সদস্য |
| ১০. | সাধারণ অর্থনীতি বিভাগের একজন প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নিচে নয়) | সদস্য |
| ১১. | চীফ একাউন্টস এন্ড ফাইনান্স অফিসার, এ মন্ত্রণালয় | সদস্য |
| ১২. | অতিরিক্ত সচিব (প্রশাসন ও পর্যটন) | সদস্য-সচিব |

স্বা/-

(মোঃ সফিউল আলম)
উপসচিব
ফোন: ৯৫৪০৯৮২
budget1@mocat.gov.bd

## (২) কার্যপরিধি:

কৌশলগত

১. মন্ত্রণালয়/বিভাগের বাজেটের সঙ্গে সরকারের সংশ্লিষ্ট স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি নীতিসমূহ যেমন: বাংলাদেশের প্রেক্ষিত পরিকল্পনা, পঞ্চবার্ষিক পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভীষ্ট ২০৩০, বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা-২১০০, মন্ত্রণালয়/বিভাগ সম্পর্কিত নীতি-পরিকল্পনা, সংশ্লিষ্ট খাতভিত্তিক নীতি-পরিকল্পনা ইত্যাদির সংযোগসাধনের বিষয়টি পরীক্ষাপূর্বক মন্ত্রণালয়/বিভাগের বাজেট কাঠামো অনুমোদন;
২. মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (Annual Performance Agreement) সাথে বাজেট কাঠামোর সংগতিসাধনের বিষয়টি পরীক্ষাপূর্বক বাজেট কাঠামো অনুমোদন;
৩. সরকারের স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী নীতি-পরিকল্পনায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সামাজিক খাতে বিশেষত দারিদ্র্য নিরসন, নারী ও শিশু উন্নয়নে ব্যয় বৃদ্ধি নিশ্চিতকরণ;
৪. জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় (অভিযোজন ও প্রশমন) প্রয়োজনীয় ব্যয় বাজেট কাঠামোয় অন্তর্ভুক্তকরণের বিষয়টি পরীক্ষাপূর্বক অনুমোদন; এবং
৫. মন্ত্রণালয়/বিভাগের নিজস্ব নীতি-পরিকল্পনার আলোকে বাজেট-সংশ্লিষ্ট পরিকল্পনা/কর্মপরিকল্পনা অনুমোদন।

চলমান পাতা-০২

বাজেট পর্যালোচনা ও অনুমোদন

১. সচিবালয় এবং সংযুক্ত/অধীন দপ্তর/সংস্থার রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা অনুমোদন;
২. রাজস্ব আয় ও প্রাপ্তি, পরিচালন ও উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ অনুমোদন;
৩. বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত উন্নয়ন কর্মসূচির (স্কিম) প্রস্তাব পর্যালোচনা ও অনুমোদন;
৪. বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প গ্রহণের বিষয়ে অনুমোদন;
৫. মন্ত্রণালয়/বিভাগের অনুমোদিত বাজেট-বহির্ভূত অপ্রত্যাশিত ব্যয়ের বিষয়টি (যদি থাকে) অর্থ বিভাগে প্ররণের পূর্বে পরীক্ষাপূর্বক অনুমোদন;
৬. বার্ষিক ক্রয় পরিকল্পনা (Annual Procurement Plan)-সহ মন্ত্রণালয়/বিভাগ ও অধীন অধিদপ্তর/সংস্থাসমূহের জন্য বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) অনুমোদন; এবং
৭. মাসিক ভিত্তিতে বাজেটে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে রাজস্ব আহরণের অগ্রগতি এবং অধিদপ্তর/সংস্থাওয়ারি সকল কার্যক্রমত/প্রকল্প/কর্মসূচির বাস্তবায়ন (Financial and Non-Financial) অগ্রগতি পর্যালোচনা এবং রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন ও বাজেট বরাদ্দ অপেক্ষা ব্যয়ের পরিমাণ যাতে বেশি না হয় সে লক্ষ্যে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান।

মূল্যায়ন, পরিবীক্ষণ ও নিরীক্ষা

১. প্রধান কর্মকৃতি নির্দেশক (Key Performance Indicator) এবং ফলাফল নির্দেশক (Output Indicator) সংক্রান্ত লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত অর্জন পরিবীক্ষণ এবং লক্ষ্যমাত্রাসমূহ যাতে অর্জিত হয় তা নিশ্চিত করার লক্ষ্যে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ এবং এ সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন;
২. বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় ত্রৈমাসিক ভিত্তিতে রাজস্ব আহরণ এবং ব্যয়ের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন পর্যালোচনা এবং অনুমোদন;
৩. নিরীক্ষা প্রত্যয়নের জন্য মহাহিসাবনিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে প্রেরণের পূর্বে মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক উপযোজন হিসাব অনুমোদন;
৪. অভ্যন্তরীণ ও বিধিবদ্ধ নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও নিরীক্ষা আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;
৫. বাজেট ব্যবস্থাপনা কমিটি বা প্রধান হিসাবদানকারী অফিসার কর্তৃক বাজেট প্রণয়ন, বাস্তবায়ন, তদারকি এবং নিরীক্ষণ সম্পর্কিত প্রদত্ত যেকোনো দায়িত্ব পালন; এবং
৬. বাজেট ব্যবস্থাপনা কমিটির কর্মকৃতি নির্দেশক (Performance Indicator) মূল্যায়ন করার ক্ষেত্রে Peer Review-কারী দলকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।

অন্যান্য

১. কৌশলগত উদ্দেশসমূহ ও অগ্রাধিকার নির্ণয়, কর্মকৃতি নির্দেশক (Performance Indicator) এবং ফলাফল নির্দেশক (Output Indicator) সংক্রান্ত লক্ষ্যমাত্রা নির্ধারণসহ এ জাতীয় বিশেষ কোন কাজ সম্পন্ন করার জন্য উপযুক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে বাজেট ব্যবস্থাপনা কমিটির উপ-কমিটি গঠন করা যেতে পারে;
২. বাজেট ব্যবস্থাপনা কমিট বছরে কমপক্ষে সাত বা ততোধিক সভায় মিলিত হবে। তবে প্রয়োজনবোধে কমিটির সভাপতি যেকোন সময় বিশেষ সভা আহ্বান করতে পারবেন; এবং
৩. বাজেট ব্যবস্থাপনা কমিটির সভাপতি প্রয়োজনবোধে যে-কোন সদস্য কো-অপ্ট করতে পারবেন।

০২.০৮.২০২০

(মোঃ সফিউল আলম)
উপসচিব
ফোন: ৯৫৪০৯৮২
budget1@mocat.gov.bd

নং-৩০.০০.০০০০.০২৪.২০.০১১.২১-২০২

তারিখঃ ১৮ শ্রাবণ ১৪২৮ বঃ
০২ আগস্ট ২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ যুগ্মসচিব, বাজেট-৮)
২. সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তাকে মনোনয়নের অনুরোধসহ)
৩. সচিব, অর্থনৈতিকত সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তাকে মনোনয়নের অনুরোধসহ)
৪. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তাকে মনোনয়নের অনুরোধসহ)
৫. সচিব, সাধারণ অর্থনীতি বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তাকে মনোনয়নের অনুরোধসহ)
৬. চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তাকে মনোনয়নের অনুরোধসহ)
৭. চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন করপোরেশন, আগারগাঁও, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তাকে মনোনয়নের অনুরোধসহ)
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, আগারগাঁও, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তাকে মনোনয়নের অনুরোধসহ)
৯. অতিরিক্ত সচিব (সকল), বেসামরিক বিমান পরিবহন ও মন্ত্রণালয়
১০. যুগ্মসচিব (সকল), বেসামরিক বিমান পরিবহন ও মন্ত্রণালয়
১১. উপসচিব/সিনিয়র সহকারী সচিব (বাজেট অধিশাখা/শাখা), বেসামরিক বিমান পরিবহন ও মন্ত্রণালয়
১২. সচিবের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও মন্ত্রণালয়
১৩. সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (বাজেট/পরিকল্পনা শাখা), বেসামরিক বিমান পরিবহন ও মন্ত্রণালয়
১৪.সহকারী সচিব/সহকারী প্রধান (বাজেট/পরিকল্পনা শাখা), বেসামরিক বিমান পরিবহন ও মন্ত্রণালয়
১৫. চীফ একাউন্টস এন্ড ফাইনান্স অফিসার, বেসামরিক বিমান পরিবহন ও মন্ত্রণালয়
১৬. হিসাবরক্ষণ কর্মকর্তা (হিসাব কোষ), বেসামরিক বিমান পরিবহন ও মন্ত্রণালয়
১৭. অতিঃসচিব (প্রশাসন ও পর্যটন) এর ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও মন্ত্রণালয়।
১৮. অফিস কপি।

02.08.2021

(মোঃ সফিউল আলম)
উপসচিব

D:\চিঠি-মাহফুজ.doc